যায়যায়দিন

তারিখ 09 JUN 2008
পৃষ্ঠা 2 কলাম 2

এইচএসসির পঞ্চম দিন

# বহিষ্কার ৫১ অনুপস্থিত ৬,৭৮৮ জন

যাযাদি রিপোর্ট

গতকাল এইচএসসির পরীক্ষার পঞ্চম দিনে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়েছে ৫১ পরীক্ষার্থীকে। এদিন অনুপস্থিত ছিল ৯ শিক্ষা বোর্ডের ৬ হাজার ৭৮৮ পরীক্ষার্থী।

শিক্ষা মন্ত্রণালয়ের কন্ট্রোল রুমের হিসাব মতে, গতকাল ঢাকায় ছয়জন, কুমিল্লায় চার, রাজশাহীতে ছয়, চট্টগ্রামে চার, সিলেটে এক, বরিশালের তিন ও যশোরের ছয় শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য কারিগরির ১৩ ও মাদ্রাসার আটজনকে বহিষ্কার করা হয়েছে।

গতকালের পরীক্ষায় ঢাকা বোর্ডে ১,০২৮, ডিআইবিএসের ৪৪; কুমিল্লা বোর্ডে ২৭৪, রাজশাহী বোর্ডে ৬৩৩, চট্টগ্রাম বোর্ডে ২৪৬, সিলেট বোর্ডে ১৬৫, বরিশাল বোর্ডে ১৬৪, যশোর বোর্ডে ২৬০ পরীক্ষার্থী পরীক্ষাকেন্দ্রে অনুপস্থিত ছিল। কারিগরির ২,৬৫২ ও মাদ্রাসার ১,৩২২ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।